

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোনঃ ৭২০১৮১-৩
২৫২০১৩৪-৯

স্ক্র্যাপ মালামাল নিলাম বিজ্ঞপ্তি :

অত্র কোম্পানীর ফতুল্লা ডিপো, দৌলতপুর ডিপো ও সিলেট ডিপো আঙ্গিনায় “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে বিভিন্ন ধরনের স্ক্র্যাপ মালামাল বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে কোম্পানীর নির্দিষ্ট ফরমে বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

পুরাতন/স্ক্র্যাপ মালামাল সমূহ : পুরাতন অকেজো এম এস প্লেট ও এঙ্গেল, কাঠের মালামাল, পুরাতন এম এস রড ও পাইপ, অকেজো ফায়ার এক্সটিংগুইশার, অকেজো গেইট ভাল্ব ও রাবার হোস পাইপ, পুরোণো ভাঙ্গা ইট ইত্যাদি।

পুরাতন/স্ক্র্যাপ মালামালের বিশদ বিবরণ ও নিলামের শর্তাবলী সম্বলিত দরপত্র তফসিল প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (ক) চীফ ক্যাশিয়ার, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম (খ) ডি জি এম (লিয়াজো অফিস), যমুনা ভবন, ২ কাওরান বাজার, ঢাকা (গ) ম্যানেজার - ফতুল্লা ডিপো, ফতুল্লা, নারায়ণগঞ্জ (ঘ) ম্যানেজার - দৌলতপুর ডিপো, দৌলতপুর, খুলনা (ঙ) ম্যানেজার - সিলেট ডিপো, পুরাতন স্টেশন রোড, সিলেট থেকে সংগ্রহ করা যাবে। এক বা একাধিক ডিপোর স্ক্র্যাপ মালামালের জন্য তফসিল অনুযায়ী আলাদাভাবে দরপত্র প্রদান করা যাবে। দরপত্রের সাথে জামানত বাবদ সর্বমোট উদ্ধৃত মূল্যের ১০% হারে পে অর্ডার বা ব্যাংক ড্রাফট “যমুনা অয়েল কোম্পানী লিমিটেড” এর অনুকূলে অবশ্যই সংযুক্ত করতে হবে। দরপত্র আগ্রাবাদ, চট্টগ্রাম যমুনা ভবনস্থ ডিজিএম (অপারেশন্স) এর অফিসে, ঢাকাস্থ ডিজিএম (লিয়াজো) অফিসে, ফতুল্লা ডিপোতে, দৌলতপুর ডিপোতে ও সিলেট ডিপোতে রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ১৫-০৭-২০১৮ তারিখে বেলা ২-৪৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। ঐ দিন বেলা ৩-০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র খোলা হবে। আয়কর অধ্যাদেশ ও মুসক আইন অনুযায়ী বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উদ্ধৃত মূল্যের উপর আয়কর হিসাবে ৫% এবং মুসক হিসাবে ৪% (অর্থাৎ সর্বমোট ৯%) টাকা আলাদা আলাদাভাবে ডি ডি বা পে-অর্ডার আকারে অতিরিক্ত পরিশোধ করতে হবে। মালামাল সরবরাহ নেয়ার পূর্বে সরকার কর্তৃক আয়কর কিংবা মুসকের হার বৃদ্ধি করা হলে বর্ধিত অংকের টাকা পরিশোধ করার পরই মালামাল সরবরাহ দেয়া হবে।

দরপত্র খোলার দিনে কোন সিডিউল বিক্রয় করা হবে না। স্ক্র্যাপ মালামাল যে কোন দিন অফিস চলাকালীন সময়ে উপরোক্ত ডিপোসমূহে পরিদর্শন করা যাবে। অনিবার্য কারণে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ/খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে তা গ্রহণ/খোলা হবে। যমুনা অয়েল কোম্পানী লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

এজিএমপি/২০/২০১৭-১৮

ডেপুটি জেনারেল ম্যানেজার (অপারেশন্স)